



বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
প্রধান কার্যালয়
ঢাকা।

বিজ্ঞপ্তি নং- ৩১/২০১৫

তারিখ : ০৩/০৯/২০১৫

নিয়োগ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকের ক্যাশ বিভাগে 'ক্যাশ অফিসার' পদে নিয়োগের উদ্দেশ্যে প্যানেল প্রস্তুতির জন্য নিম্নবর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

০১। বেতন স্কেল : জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ৮৮,০০০-৪৫০×৭-১১,১৫০-ইবি-৪৯০×১১-১৬,৫৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।

০২। শিক্ষাগত যোগ্যতা : ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতকোত্তর অথবা ০৪(চার) বছর মেয়াদী স্নাতক ডিগ্রী।
খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে সনাতন পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে ন্যূনতম ০১(এক)টিতে প্রথম বিভাগ/শ্রেণী থাকতে হবে। কোনো পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য হবে না। হ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমানে প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমতে, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণী নিম্নরূপে নির্ধারিত হবে :

(১) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে -

জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ
জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ
জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম	তৃতীয় বিভাগ

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে -

অর্জিত সিজিপিএ		সমতুল্য শ্রেণী/বিভাগ
৪.০০ পয়েন্ট স্কেলে	৫.০০ পয়েন্ট স্কেলে	
৩.০০ বা তদূর্ধ্ব	৩.৭৫ বা তদূর্ধ্ব	প্রথম শ্রেণী/বিভাগ
২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম	দ্বিতীয় শ্রেণী/বিভাগ
১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম	২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম	তৃতীয় শ্রেণী/বিভাগ

গ) বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশী সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

- ০৩। বয়স (০৩/০৯/২০১৫ তারিখে) : ১) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত সকল প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বছর।
২) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩২ বছর।
- ০৪। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ৩০/০৯/২০১৫ তারিখের মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (www.bb.org.bd)-এ Online Application Form পূরণের মাধ্যমে দরখাস্ত করতে হবে।
- ০৫। দরখাস্ত করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রাপ্ত Tracking Number Form টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- ০৬। Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।
- ০৭। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষা গ্রহণের পর উত্তীর্ণ প্রার্থীদের নিকট থেকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি আহ্বান করা হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।
- ০৮। চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ০৭নং ক্রমিক উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিলের সময় তা তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ০৯। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।
- ১০। প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ১১। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।
- ১২। বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-

(আবু ফরাহ মোঃ নাছের)
মহাব্যবস্থাপক